



প্রশ্নের বিষয়বস্তু এক থাকলেও বিন্যাসে থাকছে ভিন্নতা

প্রকাশিত: ০৮ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

- এমবিবিএস ভর্তি পরীক্ষা

স্টাফ রিপোর্টার ॥ এবার মেডিক্যালের (এমবিবিএস) ভর্তি পরীক্ষায় একজনের প্রশ্নপত্রের সঙ্গে অন্যজনের প্রশ্নপত্রের মিল থাকছে না। প্রশ্নের বিষয়বস্তু এক থাকলেও এর বিন্যাস আলাদা করা হচ্ছে। প্রশ্নের উত্তরও ভিন্ন ভিন্নভাবে সাজানো থাকবে। সেই সঙ্গে প্রশ্নে আকার কমিয়ে আনা হচ্ছে। আগে ওএমআরসহ প্রশ্নপত্র ছিল আট পৃষ্ঠা। এবার প্রশ্নপত্র ওএমআরসহ দুই পৃষ্ঠা করা হয়েছে। এতে কোন সেলাই নেই।

আগামী ১১ অক্টোবর দেশব্যাপী ২০১৯-২০ শিক্ষাবর্ষের এমবিবিএসের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষাকে সামনে রেখে এর প্রস্তুতি বিষয়ে সোমবার এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ বলেন, আগে ওএমআরসহ প্রশ্নপত্র ছিল আট পৃষ্ঠা। এটা সেলাই করার জন্য ১২ থেকে ১৪ জন মানুষকে আনতে হতো। এবার প্রশ্নপত্র ওএমআরসহ দুই পৃষ্ঠা করা হয়েছে, এতে কোন সেলাই নেই। আগে প্রশ্নের চারটি সেট থাকলেও এবার কোন সেট থাকছে না। প্রত্যেকটি প্রশ্নপত্রের বিন্যাস হবে ভিন্ন। অর্থাৎ ৭৩ হাজার পরীক্ষার্থীর জন্য বিন্যাসের দিক দিয়ে ৭৩ হাজার প্রশ্ন হবে। সংবাদ সম্মেলনে স্বাস্থ্য শিক্ষা বিভাগের সচিবের দায়িত্বে থাকা অতিরিক্ত সচিব সুপ্রিয় কুমার কুন্ডু বলেন, প্রশ্নপত্র প্রণয়নে যে প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে তাতে ফাঁস হওয়ার কোন আশঙ্কা নেই। ১১ অক্টোবর দেশব্যাপী একযোগে ১৯টি কেন্দ্রের ৩২টি ভেন্যুতে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ বছর সরকারী ৪ হাজার ৬৮টি আসন ও বেসরকারী ৬ হাজার ৩৩৬ টিসহ ১০ হাজার ৪০৪টি আসনের জন্য ভর্তি পরীক্ষা হবে। এসব আসনের বিপরীতে ৭২ হাজার ৯২৮ শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছে, যা গত বছরের তুলনায় ৭ হাজার ৯ জন বেশি।

তিনি বলেন, মেডিক্যাল ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও অবাধ প্রতিযোগিতামূলক করতে বদ্ধপরিকর।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: